

মুসনাদে আহমাদ

হাদিস নম্বরঃ ৭৮৭

মুসনাদে আলী ইবনে আবি তালিব (রাঃ) [আলীর বর্ণিত হাদীস] (مسند علي بن أبي طالب)

আরবী

حَدَّثَنَا يَعْقُوبُ، حَدَّثَنَا أَبِي، عَنْ ابْنِ إِسْحَاقَ، حَدَّثَنِي أَبِي إِسْحَاقُ بْنُ يَسَارٍ، عَنْ مِقْسَمِ أَبِي الْقَاسِمِ، مَوْلَى عَبْدِ اللَّهِ بْنِ الْحَارِثِ بْنِ نَوْفَلٍ، عَنْ مَوْلَاهُ عَبْدِ اللَّهِ بْنِ الْحَارِثِ، قَالَ: اعْتَمَرْتُ مَعَ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ، فِي زَمَانِ عُمَرَ، أَوْ زَمَانِ عُثْمَانَ، فَنَزَلَ عَلَيَّ أُخْتُهُ أُمُّ هَانِيٍّ بِنْتِ أَبِي طَالِبٍ، فَلَمَّا فَرَغَ مِنْ عُمَرَتِهِ رَجَعَ، فَسُكِبَ لَهُ غُسْلٌ فَاغْتَسَلَ، فَلَمَّا فَرَغَ مِنْ غُسْلِهِ دَخَلَ عَلَيْهِ نَفْرٌ مِنْ أَهْلِ الْعِرَاقِ، فَقَالُوا: يَا أَبَا حَسَنٍ، جِئْنَاكَ نَسْأَلُكَ عَنْ أَمْرٍ نَحِبُّ أَنْ تُخْبِرَنَا عَنْهُ، قَالَ: أَظُنُّ الْمُغِيرَةَ بْنَ شُعْبَةَ يُحَدِّثُكُمْ أَنَّهُ كَانَ أَحَدَثَ النَّاسِ عَهْدًا بِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ قَالُوا: أَجَلٌ، عَنْ ذَلِكَ جِئْنَا نَسْأَلُكَ. قَالَ: " أَحَدَثُ النَّاسِ عَهْدًا بِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قُتْمُ بْنُ الْعَبَّاسِ

إسناده حسن. يعقوب: هو ابن إبراهيم بن سعد بن إبراهيم الزهري

বাংলা

৭৮৭। আবদুল্লাহ ইবনুল হারিছ বলেন, উমার (রাঃ) অথবা উসমান (রাঃ) এর আমলে আমি আলী (রাঃ) এর সাথে উমরা করেছিলাম। তখন তিনি তাঁর বোন উম্মে হানির অতিথি হলেন। উমরা যখন শেষ হলো তখন তাকে পানি ঢেলে দেয়া হলো এবং তিনি গোসল করলেন। গোসল শেষ হলে একদল ইরাকবাসী তার কাছে এসে বললোঃ হে আবুল হাসান, আমরা আপনার কাছে এসেছি, আমরা একটি বিষয়ে আপনাকে জিজ্ঞাসা করতে চাই, যা জানতে আমরা খুবই উৎসুক। আলী (রাঃ) বললেনঃ আমার ধারণা, মুগীরা ইবনে শু'বা তোমাদেরকে বলে থাকে যে, সে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কনিষ্ঠতম সাহাবী, তাই না? তারা বললোঃ আপনি ঠিকই বুঝেছেন। আমরা এই ব্যাপারেই জিজ্ঞাসা করতে এসেছি। আলী (রাঃ) বললেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কনিষ্ঠতম ও সর্বশেষ সাহাবী কুছাম ইবনুল আব্বাস।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=63798>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন